# ঋণখেলাপি হওয়ায় আসলাম চৌধুরী শপথ নিতে পারবেন না: আপিল বিভাগ



আসলাম চৌধুরী। ছবি: সংগৃহীত

ঋণখেলাপি সংক্রান্ত বিষয়ে চট্টগ্রাম-৪ (সীতাকুণ্ড) আসন থেকে নির্বাচিত বিএনপি নেতা আসলাম চৌধুরী আপাতত সংসদ সদস্য হিসেবে শপথ নিতে পারবেন না বলে রায় দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।

মঙ্গলবার (৩০ জুন) আপিল বিভাগ এ রায় ঘোষণা করেন। এর ফলে ঋণখেলাপি-সংক্রান্ত আইনি জটিলতা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তাঁর সংসদ সদস্য হিসেবে শপথ গ্রহণের সুযোগ থাকছে না।

এর আগে গত ১৫ জুন এ বিষয়ে শুনানি শেষে রায়ের জন্য ৩০ জুন দিন নির্ধারণ করেছিলেন আদালত।

শুনানিতে জামায়াতে ইসলামীর প্রার্থীর পক্ষে আইনজীবী হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র আইনজীবী মোহাম্মদ শিশির মনির, ব্যারিস্টার এ এস এম শাহরিয়ার কবির এবং আইনজীবী মো. আজিম উদ্দিন পাটোয়ারী।

অন্যদিকে আসলাম চৌধুরীর পক্ষে শুনানিতে অংশ নেন সিনিয়র আইনজীবী মিফতাহ উদ্দিন চৌধুরী ও ব্যারিস্টার এ এম মাহবুব উদ্দিন খোকন।

বিস্তারিত আসছে...

LENS ASIA